# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

(একই তারিখ ও সূত্রে প্রতিস্থাপিত)

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/২৪৭০

তারিখ ২৩ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
০৮ অক্টোবর ২০১৭ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ও এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন সহযোগী প্রতিষ্ঠানসমূহের সম্মিলিত উদ্যোগে আয়োজিত এবং পুঁজিবাজার নিয়ন্ত্রকদের বৈশ্বিক সংস্থা International Organization of Securities Commissions (IOSCO) কর্তৃক ঘোষিত "World Investor Week 2017 বা বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭" অক্টোবর ২-৮, ২০১৭ পর্যন্ত সপ্তাহব্যাপী সারাদেশে পরিপালন করা হয়।

গত ০২ অক্টোবর ২০১৭ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত, এম, পি, ঢাকাস্থ শিল্পকলা একাডেমীতে বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭ এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন সভাপতিত্ব করেন এবং শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ ইউনুসুর রহমান। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭ এবং দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম এর শুভেচ্ছা দূত হিসেবে পরিচয় করিয়ে দেয়া হয় ক্রিকেটের বিশ্বসেরা অলরাউন্ডার জনাব সাকিব আল হাসান কে। উদ্বোধনী অনুষ্ঠান শেষে একটি র‌্যালী বের করা হয়। এছাড়াও ৪ ও ৫ অক্টোবর ২০১৭ তারিখ ঢাকাস্থ শিল্পকলা একাডেমীতে সকালের সেশনের সেমিনার দুইটি উদ্বোধন করেন ও স্বাগত বক্তব্য প্রদান করেন যথাক্রমে ড. মসিউর রহমান, মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা এবং জনাব এম এ মান্নান, এম, পি, মাননীয় অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী। সপ্তাহটি পালন উপলক্ষে তিনটি জাতীয় দৈনিক পত্রিকায় গত ০১ অক্টোবর ২০১৭ তারিখে (২টি বাংলা ও ১টি ইংরেজী) ক্রোড়পত্র প্রকাশ করা হয়। বিভিন্ন টিভি চ্যানেলে বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭ উপলক্ষ্যে একাধিক টক-শো অনুষ্ঠিত হয়। উক্ত টিভি টক-শোগুলিতে কমিশনের কমিশনারবৃন্দ, নির্বাহী পরিচালক ও মূখপাত্র এবং পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধিবর্গ অংশগ্রহণ করেন। এ সপ্তাহ উপলক্ষ্যে বিভিন্ন জাতীয় দৈনিকে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এবং কমিশনার প্রফেসর মোঃ হেলাল উদ্দিন নিজামী এর সাক্ষাৎকার প্রকাশিত হয়।

IOSCO ঘোষিত বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহের মূল প্রতিপাদ্য ছিল বিনিয়োগকারীদের শিক্ষা ও সুরক্ষা। এই বিষয়কে সামনে রেখে বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭ উপলক্ষ্যে সারা দেশে মোট ১৩টি সেমিনার/ওয়ার্কশপ/সিম্পোজিয়াম অনুষ্ঠিত হয়। এসবের মধ্যে ১০টি সেমিনার/ওয়ার্কসপ/সিম্পোজিয়াম ঢাকাতে ৪-৭ অক্টোবরে অনুষ্ঠিত হয়, যার উদ্যোগ গ্রহণ করে ইন্সটিটিউট অব কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্টস অব বাংলাদেশ, ইন্সটিটিউট অব চার্টার্ড একাউন্টেন্টস অব বাংলাদেশ, ইন্সটিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট, বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশন, সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিঃ, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ, ব্রাক ইপিএল স্টক ব্রোকারেজ লিঃ, সিটি ব্যাংক ক্যাপিটাল লিঃ, আইডিএলসি, লংকাবাংলা সিকিউরিটিজ লিঃ এবং স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক। ২-৩ অক্টোবরে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর উদ্যোগে চট্টগ্রাম ও সিলেটে ৩টি সেমিনার ও র‌্যালী অনুষ্ঠিত হয়। এছাড়াও ঢাকার বাহিরে রাজশাহী, খুলনা, বরিশাল ও বগুড়ায় আইসিবি'র উদ্যোগে র‌্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অদ্য ০৮ অক্টোবর ২০১৭ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ কমিশন ভবনে বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭ এর সমাপনী অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ড. এম. খায়রুল হোসেন, চেয়ারম্যান, বিএসইসি এবং কমিশনের কমিশনারবৃন্দ যথাক্রমে প্রফেসর মোঃ হেলাল উদ্দিন নিজামী, জনাব মোঃ আমজাদ হোসেন এবং ডঃ স্বপন কুমার বালা উপস্থিত ছিলেন।

সমাপনী অনুষ্ঠানে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর চেয়ারম্যান, ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর পরিচালক ও ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ, সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক, ডিবিএ প্রেসিডেন্ট, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও অন্যান্য নেতৃবৃন্দ, ইন্সটিটিউট অব কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্টস অব বাংলাদেশ, ইন্সটিটিউট অব চার্টার্ড একাউন্টেন্টস অব বাংলাদেশ, ইন্সটিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট, সিএফএ সোসাইটি বাংলাদেশ, বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশন এর নেতৃবৃন্দ এবং বিভিন্ন স্টেকহোল্ডারসমূহের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়াও বিভিন্ন অনলাইন, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিবৃন্দও উক্ত সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বক্তারা এই ধরনের একটি উদ্যোগ সারাদেশে বিনিয়োগকারীদের সচেতনতা বৃদ্ধিতে একটি উল্লেখযোগ্য অবদান রাখবে বলে মত প্রকাশ করেন। সারাদেশে সাড়ম্বরে এই বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭ এর সাথে সম্পৃক্ত সকল ব্যক্তি ও প্রতিষ্ঠানকে অক্লান্ত পরিশ্রমের মাধ্যমে কর্মসূচি সফল করায় সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

08/10/2017

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

"Closing Ceremony Pictures of World Investor Week  2017"







বিশ্ব
সমাপনী অনুষ্ঠান
৮ অক্টোবর ২০১৭
প্রধান অতিথি: ড. এম. খায়রুল হোসেন
AAMCMF
BAPLC


বিশ্ব
সমাপনী
৮ অক্টোবর ২০১৭
AAMCMF
BAPLC


বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭
সমাপনী অনুষ্ঠান


বিশ্ব
বিনিয়োগকারী
সপ্তাহ ২০১৭
২-৮ অক্টোবর ২০১৭
সমাপনী অনুষ্ঠান
৮ অক্টোবর ২০১৭
প্রধান অতিথি: ড. এম. খায়রুল হোসেন
CHITTAGONG STOCK EXCHANGE


বিশ্ব
WORLD INVESTOR WEEK 2017
সমাপনী অনুষ্ঠান
৮ অক্টোবর ২০১৭
প্রধান অতিথি: ড. এম. খায়রুল হোসেন
AAMCMF
BAPLC
CHITTAGONG STOCK EXCHANGE